

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকা

E-mail: pangaoncustoms@nbr.gov.bd
ই-নিলাম (E-Auction) নং-৪/২০২৬ এর বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের জ্ঞাতার্থে পানগাঁও অভ্যন্তরীণ কন্টেইনার টার্মিনালে রক্ষিত নিলামযোগ্য বিভিন্ন প্রকার মালামাল নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী নিলাম ক্রেতাগণের নিকট হতে দরপত্র আহ্বান করা যাচ্ছে। **আগামী ১১/০৬/২০২৬ খ্রি: তারিখ সকাল হতে ২৫/০৬/২০২৬ খ্রি: তারিখ বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত E-Auction Website Address (103.48.18.166/auction/752) এ বিডার লগইন করে ই-নিলামে অংশগ্রহণ করা যাবে।** পণ্য সরেজমিন পরিদর্শন করে নিলামে অংশগ্রহণের জন্য আগ্রহী নিলাম ক্রেতাগণকে অনুরোধ করা যাচ্ছে। নিলামের দর উন্মুক্ত করার পর নিলাম ক্রেতা/বিডার কর্তৃক পণ্য সংক্রান্ত কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।


০২। নিলামে অংশগ্রহণকারী ব্যক্তি শ্রেণির দরদাতার ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র, টিআইএন সনদপত্র ও হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র এবং দরদাতা প্রতিষ্ঠানের ক্ষেত্রে হালনাগাদ ট্রেড লাইসেন্স, মুদ্রক নিবন্ধন, টিআইএন সনদপত্র ও হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র থাকতে হবে। অনলাইনে নিলামে অংশগ্রহণকালে/বিড করার সময় দরপত্র মূল্য/কোটেশন মূল্যের কমপক্ষে ১০% অর্থ জামানত হিসেবে যেকোন তফসিলি ব্যাংক হতে “কমিশনার, কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকা” এর অনুকূলে ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিডি এর স্বাক্ষর কপি অনলাইনে আবেদনকালে আপলোড এবং পরবর্তীতে পে-অর্ডারের মূল কপি ও প্রযোজ্য অন্যান্য দলিলাদি ২৮/০৬/২০২৬ খ্রি: তারিখ দুপুর ১:০০ টার মধ্যে সীলগালায়ুক্ত খামে কাস্টমস হাউস, পানগাঁও এ রক্ষিত দরপত্র বাক্সে জমা করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে পে-অর্ডারের মূল কপি ও প্রযোজ্য অন্যান্য দলিলাদি দরপত্র বাক্সে জমা করতে ব্যর্থ হলে অনলাইনে দাখিলকৃত দরপত্র বাতিল বলে গণ্য হবে। দরপত্র বাক্সে জমাকৃত খামসমূহ আগামী ২৮/০৬/২০২৬ খ্রি: তারিখ দুপুর ২:৩০ ঘটিকায় কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকা এর সন্মেলন কক্ষে উন্মুক্ত করা হবে।

০৩। উল্লেখ্য, বিদ্যমান আমদানি নীতি আদেশ এর প্রযোজ্য শর্ত প্রতিপালন, মামলার তথ্য যাচাই এবং অন্যান্য আইন ও বিধি-বিধানের প্রযোজ্য সকল শর্তাদি পরিপালনপূর্বক প্রযোজ্যক্ষেত্রে খালাস পর্যায়ে পণ্যের বর্ণনা এবং ওজন নিশ্চিত সাপেক্ষে নিলামকৃত পণ্য ছাড়যোগ্য হবে। এছাড়া, সর্বোচ্চ দর মূল্যের উপর সরকারি বিধি অনুযায়ী প্রযোজ্য হারে অগ্রিম আয়কর ও ভ্যাট পরিশোধ করতে হবে।

০৪। পণ্য পরিদর্শনের তারিখ: আগামী ১৬/০৬/২০২৬ খ্রি: তারিখ হতে ১৮/০৬/২০২৬ খ্রি: তারিখ পর্যন্ত কাস্টমস হাউস, পানগাঁও এর ওয়েবসাইটে প্রচারিত/নোটিশ বোর্ডে প্রদর্শিত সময় ও তারিখ অনুযায়ী ই-নিলামের অন্তর্ভুক্ত পণ্যসমূহ সরেজমিন পরিদর্শন করা যাবে। **নিলামে লটভুক্ত সকল পণ্যের পরিমাণ কেজিতে নির্ধারণ করা হয়েছে।**

০৫। বিডার রেজিস্ট্রেশন: আগ্রহী নিলাম ক্রেতাগণ E-Auction Website (103.48.18.166/auction/752) এ রেজিস্ট্রেশন বা বিডার লগইন করে উক্ত ই-নিলামে অংশগ্রহণ করতে পারবেন।

০৬। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় ও পর্যায়ে কোন লট/পণ্যচালান বা সকল লট/পণ্যচালানের নিলাম আংশিক বা সম্পূর্ণ স্থগিত বা বাতিল করতে পারবেন। এ বিজ্ঞপ্তিতে উল্লিখিত কোন শর্তাদি বা নির্দেশনা যদি জাতীয় রাজস্ব বোর্ডের স্থায়ী আদেশ নং- ৯১/কাস্টমস/২০২৫/১২৩, তারিখ: ২ জুলাই, ২০২৫ খ্রিঃ সাথে সাংঘর্ষিক হয় তবে স্থায়ী আদেশের নির্দেশনা বা শর্তাদি প্রাধান্য পাবে মর্মে সকলের অবগতির জন্য জানানো হলো।



হাসনাইন মাহমুদ

অ্যাডিশনাল কমিশনার অব কাস্টমস

ও

সভাপতি, নিলাম কমিটি